

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২২৬৪

৭/ তালাক (کتاب الطلاق)

পরিচ্ছেদঃ ৩০. জারজ সন্তানের মালিকানা দাবী প্রসঙ্গে

بَابٌ فِي ادِّعَاءِ وَلَدِ الزِّنَا

আরবী

حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا مُعْتَمِرُ، عَنْ سَلْمٍ يَعْنِي ابْنَ أَبِي الزَّيَّادِ، حَدَّثَنِي بَعْضُ أَصْحَابِنَا، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَا مُسَاعَاةَ فِي الْإِسْلَامِ، مَنْ سَاعَى فِي الْجَاهِلِيَّةِ فَقَدْ لَحِقَ بِعَصَبَتِهِ، وَمَنِ ادَّعَى وَلَدًا مِنْ غَيْرِ رِشْدَةٍ فَلَا يَرِثُ، وَلَا يُورَثُ

ضعيف // ضعيف الجامع الصغير (٦٣١٠)

বাংলা

২২৬৪। ইবনু 'আব্বাস (রাযি.) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ইসলামে ব্যভিচারের সুযোগ নেই। যারা জাহিলিয়াতের যুগে ব্যভিচারে লিপ্ত হয়েছে এবং এর ফলে যে সন্তান জন্মগ্রহণ করেছে, ঐ সন্তান যিনাকারীর সাথে সম্পৃক্ত হবে। আর যে ব্যক্তি যিনার সন্তানকে নিজের সন্তান বলে দাবী করবে. সে তার ওয়ারিস হবে না এবং উক্ত সন্তানও তার ওয়ারিস হবে না।[1]

দুর্বলঃ যঈফ আল-জামি'উস সাগীর (৬৩১০)।

English

Narrated Abdullah ibn Abbas:

The Prophet () said: There is no prostitution in Islam. If anyone practised prostitution in pre-Islamic times, the child will be attributed to the master (of the slave-woman). He who claims his child without a valid marriage or ownership will neither inherit nor be inherited.



ফুটনোট

[1]. আহমাদ, বায়হাক্বী, হাকিম। আহমাদ শাকির বলেন: এর সনদ দুর্বল। সাঈদ ইবনু যুবায়র সূত্রে বর্ণনাকারী সন্দেহভাজন হওয়ার কারণে। ইমাম হাকিম বলেন: বুখারী ও মুসলিমের শর্তে সহীহ। কিন্তু ইমাম যাহাবী বলেন: আমি বলি, সম্ভবত হাদীসটি মাওযু (বানোয়াট), কেননা ইবনু খুসাইফকে হাদীস বিশারদগণ বর্জন করেছেন। তিনি সেই ব্যক্তি যিনি মু'তামার থেকে বর্ণনা করেছেন হাকিম বর্ণিত সনদে। শায়খ আলবানী বলেন: সনদে সালম ও সাঈদের মাঝখানের শায়খের জাহালাতের কারণে এর সনদ দুর্বল। এটিকেই ইঙ্গিত করেছেন আল্লামা মুন্যিরী। তিনি বলেন: এর সনদে একজন অজ্ঞাত লোক রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন